গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

সিনিয়র সিষ্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডাইরী নং........ তারিখ........
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভার তারিখঃ	২৪ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ
সময়ঃ	সকাল ১১ :০০ ঘটিকা
সভার স্থানঃ	এনইসি ১নং কমিটি কক্ষ, পরিকল্পনা বিভাগ।
সভাপতিঃ	কাজল ইসলাম এনডিসি, অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সমন্বয়) বিগত ৩০/০৮/২০১৭ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত ইনোভেশন টিমের কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর ৫.০ আলোচনা অংশের ১২ নং লাইনটির ERC এর স্থলে ERP প্রতিস্থাপন করে কার্যবিবরণী সংশোধন করা হয়। কার্যবিবরণীতে আর কোন কোনরূপ সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যপত্র অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.০ মামলার ডাটাবেজ প্রস্তুত সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সিনিয়র প্রোগ্রামার জানান যে, মামলার ডাটাবেজ প্রস্তুত করে আইন শাখার কাছে হস্তান্তর করা হয়েছে। আইন শাখার কর্মকর্তাকে user id এবং password দেওয়া হয়েছে। এখন পর্যন্ত আইন শাখা হতে আইটি সংক্রান্ত কোন সমস্যার কথা জানানো হয়নি। কোন সমস্যা হলে তা আইসিটি সেল সমাধান করবে বলে তিনি সভাকে জানান। আইন শাখার কর্মকর্তা অদ্য সভায় উপস্থিত ছিলনা। ফলে এ বিষয়ে কোন সমস্যা হচ্ছে কি না তা জানা গেলনা।	মামলার ডাটাবেজটি ব্যবহার কালে কোন সমস্যার সৃষ্টি হলে আইসিটি সেল কে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।	সিনিয়র প্রোগ্রামার আইসিটি সেল এবং সহকারী সচিব আইন শাখা

৪.০ Project Planning System (PPS) সংক্রান্ত আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
যুগ্মসচিব (প্রশাসন) ও আইডিএ প্রকল্পের পরিচালক সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার সর্বমোট ১০টি উন্নয়ন প্রকল্প PPS software ব্যবহার করে এন্ট্রি করা হয়েছে। কিন্তু কোন প্রকল্পই মাননীয় পরিকল্পনা মন্ত্রীর নিকট পেশ করা সম্ভব হয়নি। ০৩ টি প্রকল্প পরিকল্পনা কমিশন হতে স্থানীয় সরকার বিভাগে সংশোধনের জন্য প্রেরণ করা হয়েছে এবং স্থানীয় সরকার বিভাগ হতে নির্দিষ্ট দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়েছে। তিনি বলেন যে, আগামী অক্টোবর/২০১৭ এর মাঝামাঝি সময় প্রকল্প অনুমোদনের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রীর নিকট অথবা একনেক এ উপস্থাপন সম্ভব হবে বলে আশা করা যায়।	PPS software ব্যবহার করে প্রকল্প দলিল দাখিলের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা করতে হবে।	প্রকল্প পরিচালক আইডিই প্রকল্প এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫.০ Innovative idea সম্পর্কিত আলোচনাঃ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>(ক) সভায় DPP/RDPP চেকলিস্ট সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ইতিপূর্বে এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগের যুগ্মপ্রধানের সভাপতিত্বে গঠিত কমিটি একটি চেকলিস্ট তৈরি করে যা গত ২০/০৪/২০১৭ খ্রিঃ তারিখে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সভাপতি বলেন যে, যেহেতু একটি চেকলিস্ট রয়েছে তাই পুনরায় আরেকটি DPP/RDPP চেকলিস্ট করা যায় কি না তা ভেবে দেখতে হবে। তিনি বলেন ২০/০৪/২০১৭ খ্রিঃ তারিখে প্রকাশিত চেকলিস্টটি সকল সেক্টর/ডিভিশনে প্রেরণ করে তাদের মতামত গ্রহণ করা যায়। প্রাপ্ত মতামতের ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যায়।</td><td>(ক) ২০/০৪/২০১৭ তারিখে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত DPP/RDPP চেকলিস্টটি পরিকল্পনা কমিশনের সকল সেক্টর/ডিভিশনে প্রেরণ করে মতামত সংগ্রহ করতে হবে।</td><td>যুগ্মসচিব (সমন্বয়)
পরিকল্পনা বিভাগ।</td></tr>
<tr><td>(খ) প্রতিটি ভবনের নিচে কর্মকর্তাদের নাম ও কর্মপরিধি সম্পর্কে একটি কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনা শেষে ০৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের বিষয় সভায় ঐক্যমত পোষণ করা হয়। উক্ত কমিটি কোথায় এবং কোন ভাবে কর্মকর্তাদের অবস্থান সম্বলিত বোর্ড টানানো যায় তা নির্ধারণ করবে।</td><td>(খ) পরিকল্পনা কমিশনের বিভিন্ন ভবনে কর্মরত কর্মকর্তাদের নাম ও ঠিকানা সম্বলিত বোর্ড স্থাপনের বিষয়ে বিস্তারিত পর্যবেক্ষণের নিমিত্ত নিম্নোক্ত একটি কমিটি গঠন করা হলোঃ
<table>
<tr><td>(১)</td><td>ড. মোঃ শাহ্জাহান আলী খান
যুগ্মপ্রধান
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>(২)</td><td>শেফালী বেগম
উপসচিব
পরিকল্পনা বিভাগ</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৩)</td><td>নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত বিভাগ-২
শেরেবাংলা নগর, ঢাকা</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৪)</td><td>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
আইসিটি সেল</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td><td>যুগ্মপ্রধান, বন, মৎস্য ও প্রাণী সম্পদ উইং কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ উপসচিব (প্রটোকল)
এবং
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
পরিকল্পনা বিভাগ
ও
উপ-বিভাগীয় প্রকৌশলী
গণপূর্ত বিভাগ-২
শেরেবাংলা নগর, ঢাকা।

যুগ্মসচিব (সমন্বয়)
পরিকল্পনা বিভাগ</td></tr>
</table>

(গ) ERP সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা বিভাগের গঠিত কমিটিকে কোন কিছুই জানানো হয়নি মর্মে সভায় আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) বলেন পরিকল্পনা বিভাগ/কমিশনে ICT সংক্রান্ত অনেক প্রকল্প চলমান রয়েছে। তাই ERP সংক্রান্ত সফট্ওয়্যারটি প্রস্তুতের আগে এ বিষয়ে পরিকল্পনা বিভাগের মতামত জানা প্রয়োজন। কিন্তু বুয়েট কর্তৃক এ বিষয়ে কোন কিছুই জানানো হচ্ছে না। তাই সভার কার্যবিবরণী, গৃহীত সিদ্ধান্ত ইত্যাদি পরিকল্পনা বিভাগের ERP সংক্রান্ত গঠিত টিমকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। সভাপতি অদ্যকার সভার কার্যবিবরণীতে বিষয়টি অর্ন্তভূক্ত করতে এবং এর কপি ERP এর নিকট প্রেরণের জন্য সমন্বয় অধিশাখার কর্মকর্তাকে অনুরোধ করেন।	উক্ত কমিটি কোথায় এবং কোন ভাবে কর্মকর্তাদের অবস্থান সম্বলিত বোর্ড টানানো যায় তা নির্ধারণ করবে। (গ) ERP সংক্রান্ত সভার কার্যবিবরণী, গৃহীত সিদ্ধান্ত ইত্যাদি পরিকল্পনা বিভাগের গঠিত টিমকে অবহিত করতে হবে। সেপ্টেম্বর/২০১৭ মাসের ইনোভেশন সভার কার্যবিবরণীটি ERP এর নিকট প্রেরণ করতে হবে।	

৬.০ বিসিএস (ইকনোমিক) ক্যাডার কর্মকর্তাদের পিডিএস সংক্রান্ত আলোচনা:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
পরিকল্পনা বিভাগের প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিসিএস ক্যাডার কর্মকর্তাদের পিডিএস এর জন্য ২টি সফট্ওয়্যার রয়েছে যার একটি বিসিএস (প্রশাসন) ক্যাডারের জন্য PMIS এবং অন্যটি অন্যান্য বিসিএস ক্যাডারের জন্য ALL Cadre PMIS. প্রথমটি জনপ্রশাসন মন্ত্রণালয় আপডেট করে থাকে। আর ২য়টি user কর্তৃক আপলোড/তথ্যাদি পূরণের পর সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের প্রশাসনের অনুমোদন স্বাপেক্ষে আইসিটি সেল আপডেট করতে পারে। বিসিএস (ইকনোমিক) ক্যাডারের ক্ষেত্রে ২য়টি প্রযোজ্য। তাই এ ক্ষেত্রে তথ্যাদি আপলোড না করলে আইসিটি সেলের কিছুই করণীয় নাই। সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ে শুধু প্রশিক্ষণ এবং বদলী সংক্রান্ত অংশ পরিবর্তে আইসিটি সেলকে অনুমোদন প্রদানের জন্য ফোন মারফত অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে একসেস পেলে আইসিটি সেল তা করবে। তাছাড়া কোন কর্মকর্তার PMIS সংক্রান্ত কোন সমস্যা হলে আইসিটি সেল সেগুলির সমাধান করছে বলে তিনি সভাকে অবহিত করেন।	বিসিএস (ইকনোমিক) ক্যাডারের কর্মকর্তাদের PMIS স্ব স্ব কর্মকর্তা কর্তৃক আপডেট করতে হবে এবং আপডেট করতে কোন সমস্যার সৃষ্টি হলে আইসিটি সেল প্রয়োজনীয় সহযোগিতা করবে।	বিসিএস (ইকনোমিক) সকল কর্মকর্তা এবং সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি সেল পরিকল্পনা বিভাগ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৭.০ বিসিএস (ইকনোমিক) কর্মকর্তাদের এসিআর সংক্রান্ত সফট্‌ওয়্যার প্রস্তুত বিষয়ক আলোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সিনিয়র প্রোগ্রামার বলেন যে, গত ২১/০৮/২০১৭ খ্রিঃ তারিখ Annual Confidential Report (ACR) Management Software এর Technical Specification তৈরি করে প্রশাসন অধিশাখা-৪ এ প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে এসিআর শাখার চাহিদা মোতাবেক সফট্‌ওয়্যার প্রস্তুত করা যেতে পারে। সভাপতি এসিআর সংক্রান্ত বিষয়ে কি ধরণের এবং কোন ফরম্যাটে সফট্‌ওয়্যার প্রস্তুত করা যায় তার জন্য উপসচিব (প্রশাসন অধিশাখা-৪) এর নেতৃত্বে ২/১ জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব-কে নিয়ে একটি কমিটি গঠনের জন্য অনুরোধ করেন। উল্লেখ্য, অদ্যকার সভায় উপসচিব প্রশাসন-৪ এর কর্মকর্তাও উপস্থিত ছিলেন না।	বিসিএস (ইকনোমিক) ক্যাডার কর্মকর্তাদের ACR সংক্রান্ত সফট্‌ওয়্যার প্রস্তুতের জন্য উপসচিব (প্রশাসন অধিশাখা-৪) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করতে হবে।	যুগ্মসচিব (সমন্বয়) পরিকল্পনা কমিশন

৮.০ অতঃপর সভায় আর কোন কিছু আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ২৫/০৯/২০১৭ খ্রিঃ
(কাজল ইসলাম এনডিসি)
অতিরিক্ত সচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০.৩৩২.০৬.০০১.১৫- ৪১০

তারিখঃ ১০ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান, (শিল্প ও শক্তি বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), পরিকল্পনা কমিশন, ঢাকা।
২. জনাব নুরুল কবির সিদ্দিকী, যুগ্মসচিব (পিটি), ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. জনাব মোঃ ইফতেখার উদ্দীন খান, যুগ্ম-সচিব (বাজেট) ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. জনাব মোঃ সাজেদুল কাইয়ুম দুলাল, যুগ্মসচিব (প্রশাসন) ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. বেগম ফেরদৌসী আখতার, যুগ্মসচিব (এনইসি ও সমন্বয়) ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. জনাব রেজাউল আজম ফারুকী, যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. জনাব মোঃ ছায়েদুজ্জামান, যুগ্মপ্রধান (চঃদাঃ), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. জনাব ফরিদ আজিজ, মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. উপ-সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. জনাব প্রদীপ কুমার মহোত্তম, উপ-প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন ও ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১১. জনাব মোঃ তমিজ উদ্দীন আহমেদ, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন, পরিকল্পনা বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. জনাব মহাঃ এনামুল হক, উপপ্রধান (চলতি দায়িত্ব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন ও ও সদস্য, ইনোভেশন টিম, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-২, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য